# দুদকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি আসিফ মাহমুদের



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

দুর্নীতি ও অনিয়মের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) কার্যক্রমে তার মানহানি হয়েছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। এ বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানান তিনি।

আসিফ মাহমুদ বলেন, দুর্নীতির অভিযোগ তুলে গণমাধ্যমে তাকে নিয়ে 'মিডিয়া ট্রায়াল' করা হয়েছে। এতে তার মানহানি হয়েছে। অতীতেও রাজনৈতিক প্রতিপক্ষকে দমন করতে দুদককে ব্যবহার করা হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, সরকারি দল ক্ষমতার অপব্যবহার করে তাদের ওপর ক্ষোভ ঝাড়ছে। রাজনৈতিকভাবে সরকার তাদের হয়রানি করছে বলেও অভিযোগ করেন এনসিপির এই নেতা। আসিফ মাহমুদের দাবি, বর্তমান সরকারের বিরুদ্ধেই দুদকের অনুসন্ধান করা উচিত।

LENS ASIA